রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন মাথায় কালো পাগড়ি পরিধান করে মক্কায় প্রবেশ করেছেন।

জাবির রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন যখন মক্কায় প্রবেশ করেছেন, তখণ তার মাথায় কালো পাগড়ি ছিল। আবূ
সাঈদ আমর বিন হুরাইস রাদিয়াল্লাহু আনহু থেকে বির্ণত, তিনি বলেন, যেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখছি তার মাথায় কালো পাগড়ি রয়েছে। আর তার দুই
পাশ দুই কাঁধের উপর ঝুলিয়ে রেখেছেন। অপর বর্ণনায় এসেছে, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকদের উদ্দেশ্যে খুতবা দিয়েছেন। তখন তার মাথায় কালো পাগড়ি
ছিল।
[সহীহ] [এটি মুসলিম তার দুই রেওয়ায়েতে বর্ণনা করেছেন।]

জাবির হাদীসে সংবাদ দিচ্ছেন যে, মক্কা বিজয়ের সময় যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় প্রবেশ করেছেন তখন তার মা্থায় কালো পাগড়ি ছিল। এ থেকে কালো কাপড় পরিধান করার বৈধতা প্রমাণিত হয়। অপর বর্ণনায় এসেছে, মানুষকে তিনি খুতবা দিয়েছেন, তখন তার মাথায় কালো পাগড়ি ছিল। এ থেকে খুতবার সময় কালো কাপড় পরিধান করার বৈধতা প্রমাণিত হয়। যদিও সাদা কাপড় পরিধান করা তার চেয়ে উত্তম। যেমন সহীহ হাদীসে এসেছে, “তোমাদের সর্বোত্তম পোশাক হচ্ছে সাদা।” তবে খুতবার সময় খতীবদের কালো কাপড় পরিধান করা বৈধ। তবে উত্তম হচ্ছে সাদা পোশাক। হাদীসে খুতবার সময় কালো পোশাকের কথা এসেছে বৈধতা প্রমাণ করার জন্যে। আর অপর হাদীসে যে হুরাইস বলেছেন: “যেন আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখছি তার মাথায় কালো পাগড়ি রয়েছে। তার দু’পাশ তিনি দু’কাঁধের উপর ঝুলিয়ে রেখেছেন।” এ থেকে প্রমাণিত হয় কালো পাগড় পরিধান করা বৈধ এবং তার দু’পাশ দু’কাঁধের উপর ঝুলিয়ে রাখাও বৈধ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4222